

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৪৮

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা হামীম আস-সাজদা

بَابُّ: وَمِنْ سُورَةِ حم السَّجْدَةِ

আরবী

حَدَّتَنَا هَنَّادٌ، حَدَّتَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الأَعْمَشِ، عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ، قَالَ قَالَ عَبْدُ اللَّهِ كُنْتُ مُسْتَتِرًا بِأَسْتَارِ الْكَعْبَةِ فَجَاءَ ثَلاَثَةُ نَفَرٍ كَثِيرٌ شَحْمُ بُطُونِهِمْ قَلِيلٌ فِقْهُ قُلُوبِهِمْ قُرُشِيَّ وَخَتَنَاهُ قَقَوْيًانِ أَوْ تَقَوْيً وَخَتَنَاهُ قُرَشِيَّانِ فَتَكَلَّمُوا بِكَلاَمٍ لَمْ أَفْهَمْهُ قَلَيلٌ فِقْهُ قُلُوبِهِمْ قُرُشِيُّ وَخَتَنَاهُ تَقَوْيًانِ أَوْ تَقَوْيُّ وَخَتَنَاهُ قُرَشِيَّانِ فَتَكَلَّمُوا بِكَلاَمٍ لَمْ أَفْهَمْهُ فَقَالَ أَحدُهُمْ أَتُرُونَ أَنَّ اللَّهَ يَسْمَعُ كَلاَمَنَا هَذَا فَقَالَ الآخَرُ إِنَّ اللّهَ عَبْدُ اللّهِ وَإِنَّا لِإِذَا رَفَعْنَا أَصُواتَنَا لَمْ يَسْمَعُ هُو فَقَالَ الآخَرُ إِنْ سَمِعَ مِنْهُ شَيْئًا سَمِعَهُ كُلَّهُ فَقَالَ عَبْدُ اللّهِ وَإِذَا لَمْ نَرْفَعْ أَصُواتَنَا لَمْ يَسْمَعُهُ فَقَالَ الآخَرُ إِنْ سَمِعَ مِنْهُ شَيْئًا سَمِعَهُ كُلَّهُ فَقَالَ عَبْدُ اللّهِ وَإِذَا لَمْ نَرْفَعْ أَصُواتَنَا لَمْ يَسْمَعُهُ فَقَالَ الآخَرُ إِنْ سَمِعَ مِنْهُ شَيْئًا سَمِعَهُ كُلَّهُ فَقَالَ عَبْدُ اللّهِ فَذَكَرْتُ ذَلِكَ لِلنّبِيِّ صلى الله عليه وسلم فَأَنْزَلَ اللَّهُ : (ومَا كُنْتُمْ تَسْتَتِرُونَ أَنْ يَشْهَدَ عَلَيْكُمْ سَمْعُكُمْ وَلاَ أَبْصَارُكُمْ وَلاَ جُلُودُكُمْ) إِلَى قَوْلِهِ : (أَصْبَحْتُمْ مِنَ الْخَاسِرِينَ) . قَالَ عَيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ .

বাংলা

৩২৪৮. হায়াদ (রহঃ) আবদুল্লাহ্ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, আমি কা'বা শরীফের পর্দায় লুক্কায়িত ছিলাম। এমন সময় তিনজন লোক এল। এদের পেট ছিল খুবই মেদবহুল কিন্তু হৃদয়ের অনুধাবন শক্তি ছিল খুবই কম। এর একজন ছিল কুরায়শী অপর দুই জন ছিল ছাকাফী গোত্রীয় এবং তার জামাতা। কিংবা এক জন ছিল ছাকাফী, দুই জন ছিল কুরায়শী গোত্রীয় এবং তার জামাতা। তারা এমন সক কথা আলোচনা করল যা আমি বুঝতে পারিনি। এরপর তাদের এক জন বললঃ তোমরা আল্লাহ্ সম্পর্কে কি মনে কর, তিনি কি আমাদের এই কথাবার্তা শুনতে পান? অপর জন বললঃ আমরা যখন সশব্দে বলি তখন তিনি তা শুনতে পান, আর যখন আমাদের আওয়াজ উচ্চ না করি তখন তিনি তা শুনতে পান না। আরেক জন বললঃ তিনি যদি কিছু শুনতেই পান তা হলে তো পুরোপুরিই শুনতে পান।

আবদুল্লহ্ রাদিয়াল্লাহু আনহু বলেনঃ আমি এই বিষয়েটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট আলোচনা করি। তখন আল্লাহ্ তা'আলা নাযিল করেনঃ



ومَا كُنْتُمْ تَسْتَتِرُونَ أَنْ يَشْهَدَ عَلَيْكُمْ سَمْعُكُمْ وَلاَ أَبْصَارُكُمْ وَلاَ جُلُودُكُمْ إِلَى قَوْلِهِ : أَصْبَحْتُمْ مِنَ الْخَاسِرينَ

তোমাদের কর্ণ, চক্ষু এবং ত্বক তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে না এই বিশ্বাসে তোমরা কিছু গোপন করতে না। উপরস্তু তোমরা মনে করতে যে, তোমরা যা করতে তার অনেক কিছুই আল্লাহ্ জানেন না। তোমাদের রব সম্পর্কে তোমাদের এই ধারণাই তোমাদের ধ্বংস এনেছে। ফলে তোমরা হয়েছ ক্ষতিগ্রস্থ (সূরা আস-সাজদা ৪১ঃ ২২-২৩)।

সহীহ, মুসলিম ৮/১২১, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৪৯ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)এই হাদীসটি হাসান।

English

Narrated 'Abdullah:

"I was hiding beneath the covering of the Ka'bah, and three men came along - a man from the Quraish, and two of his brothers-in-law from Thaqif, or a man from Thaqif and two of his brothers-in-law from Quraish. Their bellies were fat, and they did not have much understanding. They said something that I could not understand, then one of them said: 'Do you think that Allah can hear what we are talking about?' Another said: 'If we raise our voices, He will hear it, but if we do not raise our voices, He will not hear it.' The other one said: 'If He can hear something from us, then He can hear all of it.'" 'Abdullah said: "I mentioned that to the Prophet (), so Allah revealed: 'And you have not been hiding yourselves, lest your ears and your eyes and your skin should testify against you...' up to His saying: '...and you have become of those utterly lost! (42:22 & 23)"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবদল্লাহ ইবন মাসউদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন